সাময়িক সহায়তা

সাময়িক সহায়তা কী?

সাময়িক সহায়তা (Temporary Assistance) যা সরকারি সহায়তা (Public Assistance) নামেও পরিচিত, সেটি হল, অভাবী প্রাপ্তবয়স্ক, যারা কোনো চাকুরি পাননি, কাজ করতে অক্ষম, বা যারা তাদের দৈনিন্দিন প্রয়োজন পূরণের জন্য প্রয়োজনীয় অর্থ উপার্জন করতে পারেন না, সেই সাথে অভাবী বাচ্চাদের জন্য নগদ অর্থ দিয়ে সহায়তা। প্রাপ্তবয়স্কদের জন্য, সাময়িক সহায়তার উদ্দেশ্য হল, যখন কোনো ব্যক্তি চাকুরি খুঁজছেন, চাকুরি করার উপযুক্ত হতে প্রয়োজনীয় প্রশিক্ষণ বা চিকিৎসা কর্মসূচিতে অংশগ্রহণ করছেন, বা প্রতিবন্ধী বলে সুবিধাগুলি পাওয়ার চেষ্টা করছেন, সেই সময় স্বল্পকালীন সহায়তা প্রদান করা।

দুটি সাময়িক সহায়তা কর্মসূচি হল পারিবারিক সহায়তা (Family Assistance) এবং সেফটি নেট সহায়তা (Safety Net Assistance)। এই কর্মসূচি দুটি কোনো পরিবারকে সম-পরিমাণ সহায়তা প্রদান করে, কিন্তু ভিন্ন-ভিন্ন জনগোষ্ঠীকে পরিষেবা প্রদান করে এবং তাদের নিয়মাবলীও আলাদা।

- **পারিবারিক সহায়তা** – পারিবারিক সহায়তা যোগ্য অভাবী পরিবার যাদের একটি নাবালক সন্তান, বাবা মায়ের (বা উভয় বাবা মায়ের) সাথে থাকে বা একজন দেখাশোনা করার আত্মীয়ের সাথে থাকে, তাদেরকে নগদ সহায়তা প্রদান করে। এই কর্মসূচিটি অভাবী খানার জন্য ফেডারেল সাময়িক সহায়তা (Temporary Assistance for Needy Families, TANF) নির্দেশিকা অনুযায়ী পরিচালিত হয়, যা একজন ব্যক্তির পারিবারিক সহায়তার যোগ্যতা পাঁচ বছরের জন্য সীমিত করে।
  সেই সময়ের পরে, পরিবারটি যেকোনো ভাবে যোগ্য হলে, সেফটি নেট সহায়তা কর্মসূচির মাধ্যমে সহায়তা পাওয়া যেতে পারে।

- **সেফটি নেট সহায়তা** – সেফটি নেট সহায়তা বাচ্চা না থাকা অভাবী ব্যক্তিবর্গ এবং পারিবারিক সহায়তার জন্য যোগ্যতা লাভ না করা খানাকে সহায়তা প্রদান করে। পারিবারিক সহায়তার জন্য নির্ধারিত পাঁচ-বছরের সময়সীমায় পৌঁছাবার পর তারা যেকোনো ভাবে যোগ্য হলে স্বয়ংক্রিয়ভাবে তাদের সেফটি নেট সহায়তায় স্থানান্তরিত করা হয়। এই সকল খানাকে তাদের বাসস্থান এবং ইউটিলিটি ভাতা সরাসরি তাদের বাড়িওয়ালা বা ইউটিলিটি সরবরাহকারীকে প্রদান করতে হয়।

প্রাপকগণ কত পাবেন?

সাময়িক সহায়তা সুবিধার পরিমাণ স্টেটের আইন ও প্রবিধান অনুযায়ী নির্ধারিত হয়। সেগুলি, বসবাসের কাউন্টি এবং পরিবারের আকারসহ, বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে আলাদা হয়। পরিবারের সদস্যদের, একটি চাকুরি থেকে উপার্জিত আয়সহ অন্য সংস্থান থাকলে, সেটি সুবিধার পরিমাণকে প্রভাবিত করে।

সুবিধাগুলি "ভাতা"র সমন্বয় এবং, সাধারণত, সেগুলি একত্রে একটি পরিবারের আকার অনুযায়ী "প্রয়োজনীয়তার মানদণ্ড" নির্ধারণ করে। এই ভাতাগুলির মধ্যে রয়েছে প্রাথমিক প্রয়োজনীয়তার ভাতা, বাড়ির জ্বালানি ভাতা, বাসস্থানের ভাতা, এবং অন্যান্য ভাতা।

সাধারণত, সুবিধার সর্বোচ্চ স্তর একটি কাউন্টিতে প্রয়োজনীয়তার মানদণ্ড, যা ভিন্ন-ভিন্ন হয়। উদাহরণস্বরূপ, আলবেনি কাউন্টিতে, একজন ব্যক্তির জন্য সুবিধার সর্বোচ্চ স্তর (বা প্রয়োজনীয়তার মানদণ্ড) হল মাসে 367 ডলার বা তিনজনের একটি পরিবারের জন্য মাসে 698 ডলার। প্রতিটি কাউন্টির জন্য প্রয়োজনীয়তার মানদণ্ড স্টেটের প্রবিধানে স্থির করা আছে।

যোগ্যতা কিভাবে নির্ধারিত হয়?

প্রত্যেক ব্যক্তি এবং পরিবারের পরিস্থিতি ভিন্ন, এবং সুবিধার জন্য একটি পরিবারের যোগ্যতাকে, পরিবারের আকার, আয়ের

স্তর, বাসস্থানের অবস্থা, আয়ের ধরণ, এবং অন্যান্য সংস্থান বা প্রাপ্ত সুবিধাগুলিসহ কিছু বিষয় প্রভাবিত করতে পারে। সেইসাথে, সাময়িক সহায়তার আবেদনকারী এবং প্রাপকদের যোগ্যতা লাভের জন্য নির্দিষ্ট কিছু বিধিবদ্ধ আবশ্যিকতা আছে, যেমন মাদক ও অ্যালকোহল স্ক্রীনিং এবং মূল্যায়ন, শিশু সহায়তা প্রণয়নকারী কার্যকলাপের সাথে সহযোগিতা, এবং কর্মসংস্থানের কার্যকলাপের (যেমন, চাকুরি অনুসন্ধান করা) সাথে সহযোগিতা।

সাময়িক সহায়তা প্রাপকদের বিভিন্ন ধরনের কার্যকলাপে অংশগ্রহণ করতে হতে পারে। একজন ব্যক্তিকে একটি অর্পিত চাকুরির কার্যকলাপে অংশগ্রহণ করার জন্য সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টগুলিকে তার প্রয়োজনীয় যেকোনো শিশু পরিচর্যা বা যাতায়াতের বন্দোবস্ত প্রদান করতে হবে। তাদের আরও সহায়ক পরিষেবা প্রদান করতে হতে পারে, যেমন একটি চাকুরি পাওয়ার জন্য ব্যক্তিবর্গকে সহায়তা করতে কাজের সাথে সম্পর্কিত পোশাক বা সরঞ্জাম।

প্রাপকগণ নিয়ম ভঙ্গ করলে কী হবে?

ফেডারেল বা স্টেটের প্রবিধান অনুযায়ী, কর্মসূচির নিয়মাবলী মেনে চলতে ব্যর্থ হলে সুবিধাগুলি বন্ধ করে দেওয়া হবে বা কমিয়ে দেওয়া হবে। সুবিধার পরিমাণ কতটা কমানো হবে তা উল্লিখিত কর্মসূচির নিয়মের উপর ভিত্তি করে ভিন্ন-ভিন্ন হয়।

চাকুরি পেলে সুবিধাগুলি কি কমে যাবে?

একটি পরিবার যারা সুবিধাগুলি পাচ্ছেন, একটি নির্দিষ্ট অবস্থা পর্যন্ত, নতুন আয়গুলির জন্য যাতে তাদের সুবিধার পরিমাণ কমে না যায়, সেটি নিশ্চিত করে, উপার্জিত আয়ের একটি অংশ স্টেটের আইন অনুযায়ী অগ্রাহ্য করা হয়। সুবিধার স্তর নির্ধারণের সময় যে সমস্ত পরিবারে 18 বছরের কম বয়সী একটি বাচ্চা আছে (বা 19 বছরের কম বয়সী স্কুলে পড়ছে), মাসিক আয়ের প্রথম 90 ডলার, সেই সাথে অবশিষ্ট উপার্জিত আয়ের 52 শতাংশ গণনা করা হবে না। সামতিক সহায়তা (TA) বাজেট প্রক্রিয়ায় ব্যবহৃত উপার্জিত আয় অগ্রাহ্য করার শতকরা ভাগ বাৎসরিক পরিবর্তন সাপেক্ষ। অন্য সকল খানার জন্য, প্রথম 90 ডলার গণনা করা হয় না।

সাময়িক সহায়তা পাওয়া বাচ্চা থাকা খানাগুলো আরও আয় করতে পারে, আয়-জনিত কারণে যোগ্যতা হারানোর আগে সাধারণত প্রয়োজনীয়তার মানদণ্ডের 185 শতাংশ পর্যন্ত বেশি আয় করতে পারবে। বাচ্চা না থাকা খানার আয় প্রয়োজনীয়তার মানদণ্ড, সেইসাথে 90 ডলার হলে সাধারণত তারা যোগ্যতা হারায়।

আপৎকালীন সহায়তা কী?

আপৎকালীন সহায়তা হল সাময়িক সহায়তার একটি বিভাগ যা একটি জরুরি প্রয়োজনীয়তা বা পরিস্থিতির সমাধানে সহায়তা করে। এজাতীয় কিছু উদাহরণের মধ্যে রয়েছে গৃহহীনতা, আদালতের উচ্ছেদের আদেশ, স্বল্প পরিমাণ খাবার থাকা বা খাবার না থাকা, ঠান্ডা আবহাওয়ায় ঘর গরম করার জন্য জ্বালানির অভাব, বা একটি ইউটিলিটি বন্ধ হয়ে যাওয়া বা সংযোগ বিচ্ছিন্ন হওয়ার বিজ্ঞপ্তি চলে আসা প্রভৃতি।

আপৎকালীন সহায়তার আওতায় বাকি থাকা ভাড়া পরিশোধ, সাময়িক বাসস্থানের জন্য অর্থ প্রদান করা, বাকি থাকা ইউটিলিটি বিল পরিশোধ বা ঘর গরম রাখার জন্য জ্বালানি বাবদ অর্থ প্রদান প্রভৃতি অন্তর্ভুক্ত রয়েছে।

আপৎকালীন সহায়তার প্রাপকদের চলতে থাকা সাময়িক সহায়তার জন্য যোগ্য হওয়া আবশ্যিক নয়।

কিভাবে আবেদন করবেন?

সাময়িক সহায়তার জন্য যে কেউ তাদের যোগ্যতা mybenefits.ny.gov এ যাচাই করতে পারেন।

আবেদন করতে, অবশ্যই সোশ্যাল সার্ভিস ডিস্ট্রিক্টে একটি আবেদন করতে হবে এবং নিজে গিয়ে সাক্ষাৎকার দিয়ে আসতে হবে।
আরও তথ্যের জন্য otda.ny.gov/workingfamilies/dss.asp দেখুন।

নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী ব্যক্তিদের অবশ্যই তাদের স্থানীয় জব সেন্টারে আবেদন করতে হবে।
আরও তথ্যের জন্য www1.nyc.gov/site/hra/locations/job-locations.page দেখুন।

এই তথ্যপত্র কর্মসূচির সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে এবং যোগ্যতা নির্ধারণ বা কোনো ব্যক্তি বা পরিবারের জন্য কর্মসূচির আবশ্যকতা সংজ্ঞায়িত করার উদ্দেশ্যে নয়।

Pub 5102-BE (05/18)